

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।



web: pbs4.comilla.gov.bd e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০৪৭.২২. ৪৫৬০

তারিখঃ ০১ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ
১৬ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়ঃ বার্ষিক সদস্য বিজ্ঞপ্তি সরবরাহের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

অত্র সমিতির বার্ষিক সদস্য বিজ্ঞপ্তি সরবরাহের জন্য প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	চাহিদা	একক মূল্য	মোট মূল্য
০১।	জাতব্য বিজ্ঞপ্তি নিউজ প্রিন্ট কাগজ ০৪ পৃষ্ঠা (৮ ইঞ্চি X ১১ ইঞ্চি) নমুনা মোতাবেক	১,২৬,০০০ টি		
০২।	সদস্য বিজ্ঞপ্তি নিউজ প্রিন্ট কাগজ ০১ পৃষ্ঠা (৮ ইঞ্চি X ১১ ইঞ্চি) নমুনা মোতাবেক	২,৫১,০০০ টি		

শর্তাবলীঃ-


- ০১। আগ্রহী দরদাতাদের আগামী ১০/১০/২০২২ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর নীচতলায় অভ্যর্থনা কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ১০/১০/২০২২ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২.০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। সরবরাহকারী/ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে একক মূল্য ও মোট মূল্য উল্লেখ পূর্বক খামের উপর “বার্ষিক সদস্য বিজ্ঞপ্তি সরবরাহ দরপত্র” স্পষ্টাক্ষরে লিখে প্রতিষ্ঠানের সীলমোহর ও সীলগালাযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। মালামাল উপরে বর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুনগত মান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুনগত মান মানসম্পন্ন না হলে গ্রহণ করা হবে না।
- ০৫। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, অভিজ্ঞতা সনদ, ব্যাংক সলভেন্সী সনদ (যদি থাকে) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। কার্যাদেশে বর্ণিত মালামাল নির্ধারিত সময়ে সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা আরোপযোগ্য হবে। এই ধরনের বিলম্ব মাশুল কার্যাদেশে লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। তবে নির্ধারিত সময়ের পরে মালামাল সমূহ সরবরাহের ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

(Signature)

(Signature)


০৮। কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।


০৯/০৭/২২
(মোঃ ছাদেক জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ০৬। ডিজিএম, কারিগরী-সদর দপ্তর/নাঞ্চালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৭। সহকারী প্রকৌশলী, কুমিল্লা (দঃ), বাপবিবো, কুমিল্লা
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), কুমিল্লা পবিস-৪।
- ০৯। মেসার্স
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (এজিএম (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- ১১। অফিস/মাষ্টার নথি।


০৯/০৭/২২
(মোঃ ছাদেক জামান)
জেনারেল ম্যানেজার

